

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্টএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- [www.cnfctg.org](http://www.cnfctg.org)

E-mail- [cnfctg@gmail.com](mailto:cnfctg@gmail.com), [info@cnfctg.com](mailto:info@cnfctg.com)

## চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৮১০০।

প্রচার পত্র নং- ৫৬/২০১২

তারিখঃ ০৭/১০/২০১২ষ্টিঃ ।

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

২২ আশ্বিন, ১৪১৯ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-০৮, তারিখঃ ২৪/০৯/২০১২ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

আদেশ নং-০৮

তারিখঃ ২৪.০৯.২০১২

### অফিস আদেশ

বিষয়ঃ কাস্টম হাউস, চট্টগ্রামের লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি মালিকানাধীন আইসিডিসমূহে আমদানি রপ্তানি কার্যক্রম সুষ্ঠুভাবে দ্রুততার সাথে সম্পাদন ও অধিকতর নিরাপত্তার স্বার্থে অনুসরণীয় পদ্ধতি :

- ক) ব্যক্তি মালিকানাধীন আইসিডিসমূহে কর্মরত কর্মকর্তাগণ সার্বক্ষণিক দায়িত্ব পালনের ক্ষেত্রে অধিকতর সচেতন হবেন। এক্ষেত্রে দায়িত্ব পালনে অবহেলা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে;
- খ) একাধিক কন্টেইনার বাহিত আমদানি পণ্য চালান খালাসের ক্ষেত্রে অবশ্যই সকল কন্টেইনার সংশ্লিষ্ট প্রাইভেট আইসিডিতে স্থানান্তরিত হতে হবে;
- গ) কোন আমদানি পণ্য চালান একাধিক কন্টেইনারে বাহিত হলে এবং কোন এক বা একাধিক কন্টেইনার স্ক্যানিং এ সন্দেহজনক (Suspect) চিহ্নিত হলে সকল কন্টেইনার শতভাগ কার্যক পরীক্ষা ছাড়া কোন পূর্ণ/আংশিক পণ্য খালাস নেয়া যাবে না;
- ঘ) রপ্তানিতব্য পণ্য চালানের ক্ষেত্রে সংশ্লিষ্ট Bill of Export এর প্রযোজ্য চার্জসমূহ পরিশোধ ব্যতীত কোন পণ্য স্টাফিং এর অনুমতি দেয়া যাবে না;
- ঙ) আমদানিকৃত পণ্য চালানের ক্ষেত্রে ফিউমিগেশন অথবা কোয়ারেন্টাইন করার প্রয়োজনে নমুনা উত্তোলনের ক্ষেত্রে সকল কন্টেইনারে সীল পরীক্ষান্তে নমুনা উত্তোলন করতে হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিতঃ

(ড. মোঃ মতিউর রহমান)

কমিশনার অব কাস্টমসের পক্ষে

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোন # ০৩১-৭১৪১৮৮

নথি নং-২৩/বন্ড সাঃ/পলিসি/২০০৯(অংশ-২)/১৪৫(৪৭)-কাস

তারিখঃ ২৪/০৯/২০১২

পৃষ্ঠা নং- ৬৫